

বায়ুফের সম্মানিত সভাপতির মাসিক (মে ২০২৩) বিবৃতি

বাংলাদেশ ফুটবল ফেডারেশন এর পক্ষ থেকে সকলকে জানাই আমার শুভেচ্ছা।

বসুন্ধরা গ্রুপ ফেডারেশন কাপ ২০২২-২৩:

বাংলাদেশ ফুটবল ফেডারেশন এর সার্বিক তত্ত্বাবধানে গত ২০ ডিসেম্বর ২০২২ থেকে ৩০ মে ২০২৩ তারিখ পর্যন্ত ১১ দলের অংশগ্রহণে 'বসুন্ধরা গ্রুপ ফেডারেশন কাপ ২০২২-২৩' - এর খেলা অনুষ্ঠিত হয়। টুর্নামেন্টে মোহামেডান স্পোর্টিং ক্লাব লিমিটেড চির প্রতিদ্বন্দ্বী আবাহনী লিমিটেড ঢাকাকে হারিয়ে চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করে এবং আবাহনী লিমিটেড ঢাকা রানার আপ ও বসুন্ধরা কিংস তৃতীয় হয়। মোহামেডান স্পোর্টিং ক্লাব লিমিটেড, আবাহনী লিমিটেড ঢাকা এবং বসুন্ধরা কিংস এর সকল খেলোয়াড়, কোচিং স্টাফ, কর্মকর্তাবৃন্দের জানাই আমার পক্ষ থেকে অভিনন্দন।



**PRESIDENT'S
MONTHLY STATEMENT**
(May 2023)



Honorable President
Kazi Md. Salahuddin

www.bff.com.bd

মার্কিন দূতাবাসের পক্ষ হতে ফুটবলের টেকনিক্যাল ও টেকটিক্যাল প্রশিক্ষণ:

ক্রীড়া ক্ষেত্রে সার্বিক সহযোগিতা ও উন্নয়নের লক্ষ্যে গত ০৭ মে ২০২৩ তারিখ সকাল ১০.০০ ঘটিকায় মার্কিন দূতাবাসের পক্ষ হতে দুই জন ফুটবল প্রশিক্ষক Mr. Schellas এবং Mr. Vlastimir Davidovic মতিবিলস্থ বাংলাদেশ ফুটবল ফেডারেশন সংলগ্ন আর্টিফিসিয়াল টার্ফে বাংলাদেশ মহিলা জাতীয় ফুটবল দলের খেলোয়াড়দের বিভিন্ন টেকনিক্যাল ও টেকটিক্যাল বিষয়ে প্রশিক্ষণ প্রদান করে।

বায়ুফে একাডেমি অ্যাক্রিডিটেশন স্কিম:

বায়ুফে একাডেমি অ্যাক্রিডিটেশন স্কিমের আওতায় বাংলাদেশ ফুটবল ফেডারেশন ও দেশের ১৭০ টি স্বীকৃতিপ্রাপ্ত একাডেমি একসাথে দেশের ফুটবলের উন্নয়নে কাজ করে যাচ্ছে। এরই ধারাবাহিকতায় গত ৮ই মে ২০২৩ হতে ১৩ মে ২০২৩ পর্যন্ত প্রতিদিন দুপুর ৩.০০ ঘটিকায় অঞ্চল ভিত্তিক ৩০টি করে স্টার স্বীকৃতিপ্রাপ্ত একাডেমীর সাথে জুম এর মাধ্যমে সভা অনুষ্ঠিত হয়।



(২)

১০ম এএফসি গ্রাসরুটস্ ফুটবল ডে ২০২৩ উদযাপন:

এশিয়ান ফুটবল কনফেডারেশনের সহযোগিতায় এবং বাংলাদেশ ফুটবল ফেডারেশনের ব্যবস্থাপনায় ১০ম এএফসি গ্রাসরুটস্ ফুটবল ডে ২০২৩ ঢাকাসহ নোয়াখালী, নেত্রকোনা, সুনামগঞ্জ, বরগুনা ও বান্দরবান জেলায় একযোগে অনুষ্ঠিত হয়। উক্ত অনুষ্ঠানে অংশগ্রহণকারী খেলোয়াড়গণের মাঝে টি-শার্ট, সার্টিফিকেট ও রিফ্রেশমেন্ট বিতরণ করা হয়।

'বায়ুফে রেফারী এ্যাসেসর ওয়ার্কশপ ২০২৩':

গত ১৮-০৫-২০২৩ তারিখ বাংলাদেশ ফুটবল ফেডারেশন এর ব্যবস্থাপনায় 'বায়ুফে রেফারী এ্যাসেসর ওয়ার্কশপ ২০২৩' মতিঝিলস্থ বায়ুফে ভবনে অনুষ্ঠিত হয়। উক্ত ওয়ার্কশপে সারা দেশ হতে শীর্ষস্থানীয় ১৯ (উনিশ) জন রেফারী এ্যাসেসর অংশগ্রহণ করেন। 'বায়ুফে রেফারী এ্যাসেসর ওয়ার্কশপ ২০২৩' এর ইন্ট্রাক্টর হিসেবে দায়িত্ব পালন করেন বায়ুফে রেফারীং কনসালটেন্ট কর্ণেল (অবঃ) গৌতম কর।

বায়ুফে এএফসি 'এ' এবং 'বি' ডিপ্লোমা এবং বায়ুফে-এএফসি গোল কিপিং বি ডিপ্লোমা সার্টিফিকেট প্রদান:

বাংলাদেশ ফুটবল ফেডারেশন বায়ুফে-এএফসি এ, বি ডিপ্লোমা এবং বায়ুফে-এএফসি গোল কিপিং বি ডিপ্লোমা অর্জনকারী সকল অংশগ্রহণকারীদের মধ্যে প্রশংসা পত্র প্রদান করা হয়। বায়ুফে বিশ্বাস করে যে পরবর্তী প্রজন্মের খেলোয়াড়দের উন্নতির জন্য তাদের অগ্রগতিতে কোচিং শিক্ষা ও উন্নয়ন অত্যন্ত গুরুত্বপূর্ণ।

জেএফএ অ-১২ জাতীয় মহিলা ফুটবল চ্যাম্পিয়নশীপ ২০২৩:

বাংলাদেশ ফুটবল ফেডারেশনের ব্যবস্থাপনায় 'জেএফএ অ-১২ জাতীয় মহিলা ফুটবল চ্যাম্পিয়নশীপ ২০২৩' এর খেলা গত ২৭-০৫-২০২৩ তারিখ হতে দেশের ৬টি ভেন্যু যথাক্রমে রাজশাহী, রংপুর, গোপালগঞ্জ, মাগুরা, ফেনী ও শেরপুর ভেন্যুতে উৎসাহ ও উদ্দীপনার মধ্য দিয়ে শুরু হয়েছে।
